

## 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৪৩৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ الْخَطْمِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ أَنْ يَسْتَوْدِعَ الْجَيْشَ قَالَ: «أَسْتَوْدِعُ اللَّهَ دِينَكُمْ وَأَمَانَتَكُمْ وَخَوَاتِيمَ أَعْمَالِكُمْ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

২৪৩৬-[২১] 'আবদুল্লাহ আল খত্বামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সৈন্যবাহিনীকে বিদায় দেবার সময় বলতেন, "আস্তাও দি'উল্লা-হা দীনা'কুম ওয়া আমা-নাতা'কুম ওয়া খওয়া-তীমা আ'মা-লিকুম" (অর্থাৎ- তোমাদের দীন, তোমাদের আমানাত ও তোমাদের শেষ আ'মাল আল্লাহর হাতে সমর্পণ করলাম)। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ২৬০১, সহীহাহ্ ১৬০৫, সহীহ আল জামি' ৪৬৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আবদুল্লাহ আল খত্বামী, তিনি আবু মূসা 'আবদুল্লাহ ইবনু ইয়াযীদ ইবনু যায়দ ইবনু হুসায়ন ইবনু 'আমর ইবনুল হারিস ইবনু খত্বমাহ্ আল আওসী আনসারী, তিনি ছোট সাহাবী ছিলেন, তিনি ছোট অবস্থায় হৃদয়বিয়ায় উপস্থিত হয়েছিলেন। অনুরূপ বর্ণনা আত্ তাহযীবে রয়েছে। 'আল্লামা আল খাররাজী (রহঃ) বলেনঃ তিনি ১৭ বছর বয়সে হৃদয়বিয়ায় উপস্থিত ছিলেন এবং তিনি উস্ত্রির যুদ্ধ ও সিফফীনের যুদ্ধে 'আলী (রাঃ) এর পক্ষ নিয়েছিলেন। ইবনু যুবায়র (রাঃ) এর সময় কুফার গভর্নর ছিলেন।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56996>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন